

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৪, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১০৮—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নিম্নরূপভাবে “সীমানা পুননির্ধারণ, জাতীয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন প্রস্তুতি এবং উপকারভোগী পর্যায়ে আলোচনা বিষয়ক কমিটি” গঠন করা হলো :

- |   |              |
|---|--------------|
| (১) জনাব মোঃ আনিছুর রহমান, মাননীয় নির্বাচন কমিশনার             | - সভাপতি     |
| (২) যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়                    | - সদস্য      |
| (৩) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য      |
| (৪) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য      |
| (৫) উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়       | - সদস্য      |
| (৬) উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

(৭০৩৭)

মূল্য : টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি:**

- (ক) নির্বাচনি সীমানা নির্ধারণ কার্যক্রম পরিচালন এবং আপত্তি মীমাংসার উপর পরামর্শ প্রদান;
- (খ) জাতীয় সংসদ এবং গুরুত্বপূর্ণ নির্বাচনি তফসিল প্রণয়ন এবং যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রমের উপর পরামর্শমালা প্রস্তুতকরণ এবং কমিশনের সভা-সেমিনার ইত্যাদি আয়োজনে পরিকল্পনা প্রণয়ন;
- (গ) রাজনৈতিক দল এবং নির্বাচন সংশ্লিষ্ট সংগঠনের সাথে বৈঠক এবং বৈঠকপ্রসূত আলোচনার প্রেক্ষিতে করণীয় বিষয় নির্ধারণে পরামর্শ প্রদান;
- (ঘ) নির্বাচন পর্যবেক্ষণে দেশি ও বিদেশি পর্যবেক্ষকদের জন্য নীতিমালা প্রণয়ন এবং তাদেরকে সহযোগিতা বিষয়ক পরামর্শ প্রদান;
- (ঙ) নির্বাচন আচরণ বিধি পরিবীক্ষণ কর্মকাণ্ড কার্যকরের উপর সুপারিশ প্রণয়ন; এবং
- (চ) কমিশন সচিবালয় এবং মাঠ পর্যায়ের দপ্তরগুলোর পরিদর্শনের কর্মসূচি প্রণয়ন, প্রতিবেদন মূল্যায়ন, নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ অনুসারে গবেষণা কার্যক্রম পরিচালন এবং তাঁর উপর ভিত্তি করে নথি ব্যবস্থাপনা, সার্বিক উন্নয়নে এবং বাস্তবসম্মত সংস্কারকরণের পরামর্শ প্রদান।

০২। সংস্থাপন অধিশাখা উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

মোহাম্মদ এনামুল হক  
উপসচিব (সংস্থাপন)।